

ওরে, আগুন আমার ভাই,
আমি তোমারি জয় গাই ।

তোমার শিকলভাঙা এমন রাঙা মূর্তি দেখি নাই ।
তুমি দু হাত তুলে আকাশ-পানে মেতেছ আজ কিসের গানে,
একি আনন্দময় নৃত্য অভয় বলিহারি যাই ॥

যেদিন ভবের মেয়াদ ফুরাবে ভাই, আগল যাবে সরে—
সেদিন হাতের দড়ি পায়ের বেড়ি, দিবি রে ছাই করে ।
সেদিন আমার অঙ্গ তোমার অঙ্গে ওই নাচনে নাচবে রঙ্গে—
সকল দাহ মিটবে দাহে, ঘুচবে সব বালাই ॥

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul Sur
Visit www.geetabitan.com for notation and other detail